ব্যাংক পরিদর্শন বিভাগ-১

সূত্র নং-ডিবিআই-১(নীতি)/১০০৩/২০১৬- তারিখঃ ২৯/১১/২০১৬

আইসিএবি কর্তৃক তালিকাভূক্ত
বাংলাদেশে কার্যরত সকল অংশীদারী সি.এ. ফার্ম

প্রিয় মহোদয়,

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিরীক্ষার জন্য বহিঃনিরীক্ষক
প্রতিষ্ঠানসমূহের (সি.এ ফার্ম) তালিকা প্রণয়ন প্রসঙ্গে।

বাংলাদেশে কার্যরত ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিরীক্ষার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ফার্মসমূহের (আইসিএবি'র তালিকাভূক্ত) একটি নতুন তালিকা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। এতদুদ্দেশ্যে, আগ্রহী অংশীদারী ফার্ম সম্পর্কিত সুনির্দিষ্ট তথ্যাবলী পর্যালোচনা করা প্রয়োজন।

উল্লেখ্য, আপনাদের সরবরাহকৃত তথ্য, প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন যাচাই করা হবে। কোন ফার্ম কর্তৃক অসত্য বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে তা' সংশ্লিস্ট ফার্মের তালিকাভূক্তির জন্য অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। তালিকাভূক্তির বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপর্যুক্ত শর্তসমূহে সম্মত হলে আগামী ১৫ ডিসেম্বর, ২০১৬ তারিখের মধ্যে সংযুক্ত ছকে (সংযোজনী-'ক') সংশ্লিষ্ট কাগজপত্রসহ নিম্নোক্ত ঠিকানায় আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আবেদনপত্র প্রেরণের ঠিকানা

মহাব্যবস্থাপক
ব্যাংক পরিদর্শন বিভাগ-১
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
সেনা কল্যান ভবন, ২১ তলা
ঢাকা-১০০০।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত
(প্রকাশ চন্দ্র ভদ্র)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৯৯৫১

সংযোজনীঃ ০২ (দুই)

সংযোজনী-"ক"

ক্রমিক নং	আবশ্যক তথ্যাদি	আবশ্যক কাগজপত্র
০১.	ফার্মের নাম ও বয়সঃ (ফার্ম প্রতিষ্ঠার তারিখ)	আইসিএবি কর্তৃক প্রদত্ত ফার্মের নাম এবং ফার্ম প্রতিষ্ঠার তারিখ/সন সম্বলিত প্রত্যয়নপত্র।
০২.	পার্টনারদের সংখ্যা ও নাম	পার্টনারশীপ ডিডের কপি, পার্টনার হিসেবে ফার্মে অন্তর্ভূক্তির অনুমতি ও তারিখ সম্বলিত আইসিএবি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং অংশীদারগণের হালনাগাদ প্র্যাকটিস সার্টিফিকেট।
০৩.	পার্টনারদের অভিজ্ঞতা (post qualification)	ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর খ) পার্টনারদের প্রত্যেকের বায়োডাটা
০৪.	কোয়ালিফাইড নিরীক্ষকদের (অংশীদার ব্যতীত চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট) সংখ্যা	ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর খ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র। গ) অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে সংশ্লিষ্ট ব্যক্তির ঘোষণাপত্র ।
০৫.	কোর্স কমপ্লিট ছাত্রঃ ক) পার্ট কোয়ালিফাইড খ) কোর্স কমপ্লিট	ক) পার্ট কোয়ালিফাইড ছাত্রদের নাম এবং লেভেল অব এগজামিনেশন উল্লেখপূর্বক আইসিএবি কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট। খ) কোর্স কমপ্লিট ছাত্রদের নাম এবং ফার্মের প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত কোর্স সমাপ্তির সার্টিফিকেট। গ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র। ঘ) অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে সংশ্লিষ্ট ব্যক্তির ঘোষণাপত্র ।
০৬.	আর্টিকেল্ড স্টুডেন্টস (শিক্ষানবিশ ছাত্র)	ছাত্রদের নাম, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ এবং প্রত্যেক ছাত্রের রেজিস্ট্রেশন সংক্রান্ত আইসিএবি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
০৭.	বিগত তিন বছরে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিরীক্ষায় ফার্মের অভিজ্ঞতা (ন্যূনতম তিনটি নিয়োগের তথ্য দাখিল করতে হবে)	ক) নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র।
০৮.	বিগত তিন বছরে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত কর্পোরেট হাউজ (সরকারী মালিকানাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত) নিরীক্ষায় ফার্মের অভিজ্ঞতা (ন্যূনতম তিনটি নিয়োগের তথ্য দাখিল করতে হবে)	ক) নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র।
০৯.	কোন আন্তর্জাতিক সি.এ. ফার্মের এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে নিরীক্ষা কার্য সম্পাদনের অভিজ্ঞতা	ক) আন্তর্জাতিক সি.এ. ফার্মের নাম, সংশ্লিষ্টতার ধরণ, প্রকৃতি ও ব্যাপ্তি (tenor) খ) সংশ্লিষ্ট আন্তর্জাতিক ফার্ম কর্তৃক এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে প্রদত্ত স্বীকৃতিপত্র বা এ সংক্রান্ত প্রমাণপত্র । গ) সংশ্লিষ্ট আন্তর্জাতিক ফার্মের ওয়েবসাইট লিংক । ঘ) আন্তর্জাতিক সি.এ. ফার্মের এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে নিরীক্ষকরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। ঙ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র।
১০.	অফিস আয়তন (বর্গফুট)	ভাড়ায় অফিসের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্রের কপি এবং নিজ মালিকানাধীন অফিসের ক্ষেত্রে নিজস্ব ঘোষণাপত্র।
১১.	ফার্মের মোট জনবল (সাপোর্ট স্টাফ যেমন, পিওন, সিকিউরিটি গার্ড ইত্যাদি ব্যতীত)	ফার্মের মোট জনবলের সংখ্যা ও বিবরণ সংক্রান্ত ঘোষণাপত্র।

ক্রমিক নং	আবশ্যক তথ্যাদি	আবশ্যক কাগজপত্র
১২.	অফিসে ব্যবহৃত আইটি ইক্যুইপমেন্টের তথ্য (কম্পিউটার/ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি)	আইটি ইক্যুইপমেন্টের ইনভেন্টরির কপি (ইক্যুইপমেন্টের ধরণ, মডেল, সিরিয়াল নম্বর, ব্যবহারকারীর নাম ইত্যাদি অবশ্যই থাকতে হবে)।
১৩.	অফিস প্রাঙ্গনে ইন্ট্রানেটসহ ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্ত তথ্যাবলী	অফিস প্রাঙ্গনে নেটওয়ার্কিং/সার্বক্ষণিক ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকলে ইন্টারনেট সার্ভিসের প্রকৃতি (ব্রডব্যান্ড/ওয়ারল্যাস/অন্যান্য) এবং সার্ভিস প্রোভাইডারের নাম সম্বলিত ফার্মের নিজস্ব ঘোষনাপত্র/প্রত্যয়নপত্র।
১৪.	IT skill of Personnel	ফার্মের জনবলের আইটি দক্ষতা বিষয়ে (মাইক্রোসফ্ট অফিস টুলস এবং ইন্টারনেট/ই-মেইলের ব্যবহার) ফার্মের ঘোষনাপত্র।
১৫.	আইসিএবি কর্তৃক নিরীক্ষা কার্যক্রমের জন্য awarded (পুরস্কারপ্রাপ্ত) হয়ে থাকলে তার বিবরণ	Best Presented Annual Report হিসেবে আইসিএবি কর্তৃক পুরষ্কারপ্রাপ্ত হিসাব বিবরণী নিরীক্ষার ক্ষেত্রে নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র, নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পুরষ্কার প্রাপ্তির প্রমাণপত্র ।
১৬.	আইসিএবি/বাংলাদেশ ব্যাংক/ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ফার্ম/ফার্মের কোন অংশীদারের বিরুদ্ধে কোন ধরণের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকলে তার বিস্তারিত বিবরণ (আইসিএবি কর্তৃক গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার বিপরীতে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে তাও উল্লেখ করতে হবে) ।	শাস্তির প্রকৃতি, প্রযোজ্য ক্ষেত্রে মেয়াদ, অর্থদন্ড হয়ে থাকলে তার পরিমাণসহ আরোপিত শাস্তিমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ এবং এ প্রসঙ্গে আইসিএবি/বাংলাদেশ ব্যাংক/সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রদত্ত পত্রের কপি । শাস্তির বিরুদ্ধে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে মহামান্য আদালতের আদেশের কপি । **ফার্ম/ফার্মের কোন অংশীদারের বিরুদ্ধে আইসিএবি/বাংলাদেশ ব্যাংক/সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কখনও কোন ধরণের শাস্তিমূলক ব্যবস্থা আরোপিত না হয়ে থাকলে এ সংক্রান্ত ঘোষণাপত্র ।**